

📖 সুনান আদ-দারাকুতনী

হাদিস নাম্বারঃ ৫৬৬

১. পবিত্রতা (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ৫৬. দেহের অভ্যন্তর ভাগ থেকে, যেমন নাক দিয়ে রক্ত নিঃসরণ, বমন, রক্তমোণ ইত্যাদি ক্ষেত্রে উযু করা সম্পর্কে

بَابُ فِي الْوُضُوءِ مِنَ الْخَارِجِ مِنَ الْبَدَنِ كَالرُّعَافِ وَالْقَيْءِ وَالْحِجَامَةِ وَنَحْوِهِ

আরবী

حَدَّثَنَا أَحْمَدُ بْنُ مُحَمَّدٍ بْنُ إِسْمَاعِيلَ الْأَدَمِيُّ الْجَوْزَدَانِيُّ ، نَا الْعَبَّاسُ بْنُ يُزَيْدَ الْبَحْرَانِيُّ ،
ح : وَثَنَا الْحُسَيْنُ بْنُ إِسْمَاعِيلَ ، نَا مُحَمَّدُ بْنُ عَبْدِ الْمَلِكِ الْوَاسِطِيُّ ، قَالَ : نَا عَبْدُ
الصَّمَدِ بْنُ عَبْدِ الْوَارِثِ ، حَدَّثَنِي أَبِي ، نَا حُسَيْنُ الْمُعَلِّمُ ، عَنْ يَحْيَى بْنِ أَبِي كَثِيرٍ ،
حَدَّثَنِي الْأَوْزَاعِيُّ ، حَدَّثَنِي يَعِيشُ بْنُ الْوَلِيدِ ، عَنْ أَبِيهِ ، عَنْ مَعْدَانَ بْنِ أَبِي طَلْحَةَ ، عَنْ
أَبِي الدَّرْدَاءِ ؛ أَنَّ النَّبِيَّ - صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ - قَاءَ فَأَفْطَرَ . فَلَقِيتُ ثَوْبَانَ فِي مَسْجِدِ
دِمَشْقَ ، فَذَكَرْتُ ذَلِكَ لَهُ ؛ فَقَالَ : صَدَقَ ، أَنَا صَبَبْتُ لَهُ وَضُوءَهُ

বাংলা

৫৬৬(৩৬). আহমাদ ইবনে মুহাম্মাদ ইবনে ইসমাইল আল-আদমী আল-জুযদানী (রহঃ) ... আবু দারদা (রাঃ) থেকে বর্ণিত। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বমি করেন, অতঃপর রোযা ভঙ্গ করেন। রাবী বলেন, আমি দামিশকের মসজিদে ছাওবান (রাঃ)-এর সাথে সাক্ষাৎ করে তার নিকট বিষয়টি উল্লেখ করলাম। তিনি বলেন, তিনি (আবু দারদা) সত্য বলেছেন। আমি তাঁর উযুর পানি ঢেলে দিয়েছিলাম (আহমাদ, আবু দাউদ, নাসাই, ইবনে মাজাহ, বায়হাকী, তাবরানী, হাকেম)।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ আবুদ দারদা (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=80355>

📖 হাদিসবিভিন্ন প্রজেক্টে অনুদান দিন